

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

In the name of Allah, Most Gracious, Ever Merciful



প্রেস বিজ্ঞপ্তি
২০ অগাস্ট ২০১৭

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধানের জার্মানীতে আগমন

আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর ৪২তম বার্ষিক সম্মেলন (জলসা সালানা)-এ যোগদানের জন্য
হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর জার্মানী সফর

নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের প্রধান পঞ্চম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) গত ১৯ অগাস্ট
ফ্রাঙ্কফুর্টের বায়তুস সুবূহ মসজিদে এসে পৌঁছেন।



MAKHZAN
TASAWWEER
IMAGE LIBRARY

Registered Address: 22 Deer Park Road, London, SW19 3TL UK
Tel/Fax: 020 8544 7613 Mob: 077954 90682 Email: press@ahmadiyya.org.uk

Press Secretary AMJ International

তিনি লন্ডন থেকে সড়কপথে সফর করেন এবং এবং ইউরোপের মূল ভূ-খণ্ডে পৌঁছার পর তাঁকে অভ্যর্থনা জানান আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর ন্যাশনাল আমীর আব্দুল্লাহ ওয়াগিসহাউয়ার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

এরপর সম্মানিত হযূর ফ্রাঙ্কফুর্টের উদ্দেশ্যে তাঁর সফর অব্যাহত রাখেন এবং স্থানীয় সময় রাত ১০:২৫-এ বায়তুস সুবূহ মসজিদে পৌঁছেন যেখানে তাঁকে শত শত আহমদী মুসলিম নর-নারী ও শিশু স্বাগত জানান, যারা সকলেই তাদের আধ্যাত্মিক নেতাকে আবার তাদের মাঝে পেয়ে আনন্দে আত্মহারা ছিলেন। আগমনের কিছু পরেই সম্মানিত হযূর মাগরিব ও ইশার নামায পড়ান।



সম্মানিত হযূর আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর ৪২তম জলসা সালানা (বার্ষিক সম্মেলন)-এ যোগদানের জন্য এসেছেন, যা কার্লস্রুহ-তে অনুষ্ঠিত হবে এবং যেটিতে কয়েক ডজন দেশ থেকে ৩০,০০০ এর অধিক অংশগ্রহণকারী যোগ দিবেন বলে প্রত্যাশা করা হচ্ছে।

তিন দিনের (২৫-২৭ অগাস্ট) এ অনুষ্ঠানে সম্মানিত হযূর আহমদী ও অ-আহমদী মুসলিম অতিথির উদ্দেশ্যে ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষা সম্পর্কে বক্তব্য রাখবেন। সম্মানিত হযূর আহমদী ছাত্র-ছাত্রীদেরকেও তাদের একাডেমিক সাফল্যের স্বীকৃতি স্বরূপ পুরস্কৃত করবেন।

সফরকালে সম্মানিত হযূর আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর একটি নতুন মসজিদও উদ্বোধনের কথা রয়েছে।